সংবাদ

তারিখ 12 SEP 2016
পৃষ্ঠা ১১ কলাম ৬

# আগৈলঝাড়ায় বেতন-ভাতা বঞ্চিত ৩ শতাধিক শিক্ষক-কর্মচারী

প্রতিনিধি, আগৈলঝাড়া (বরিশাল)

বরিশালের আগৈলঝাড়ায় ৩ শতাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারী ঈদের আগে বোনাস ও বেতন না পেয়ে ঈদুল আযহার আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। ঈদের আগে বোনাস ও বেতন না পাওয়ায় শিক্ষকদের মাঝে চরম ক্ষোভ দেখা দিয়েছে। বিক্ষুব্ধ বঞ্চিত শিক্ষকেরা জানান, উপজেলার ৫টি ইউনিয়নের প্রায় ৩ শতাধিক শিক্ষক-কর্মচারীদের আগষ্ট মাসের বেতন ও ঈদের বোনাস পাননি তারা। বেতন ও ঈদ বোনাস না পেয়ে তাদের পরিবার পরিজন নিয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। এ ঘটনায় শিক্ষকদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে। তারা আরও জানান, রূপালী ও অগ্রণী ব্যাংকের হিসাবধারী শিক্ষকেরা বেতন ও বোনাস পেলেও আগৈলঝাড়া সোনালী ব্যাংক শাখার হিসাবধারী ৩ শতাধিক শিক্ষক বোনাস থেকে বঞ্চিত হয়েছেন। তবে ব্যাংকের কর্মকর্তারা নিজেরা লাভবান হয়ে কিছু কিছু শিক্ষকদের বেতন ও বোনাস দিচ্ছে বলে অভিযোগ করেছেন বঞ্চিত শিক্ষকরা। এব্যাপারে সোনালী ব্যাংক আগৈলঝাড়া শাখার ব্যবস্থাপক আমিনুল ইসলাম জানান, অফিসের শেষ দিন ছিল বৃহস্পতিবার।